তারিখ .. 23 JUL 2017
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক আমাদের সময়

# শিক্ষকদের বেতন বকেয়া রেখেই অধ্যক্ষ লাপাত্তা

চট্টগ্রাম ব্যুরো ●

শিক্ষকদের বেতন ও ঘরভাড়া না দিয়ে পালিয়ে গেলেন নগরীর কুইন মেরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ। গত ছয় মাস ধরে বেতন ও ঘরভাড়া পাচ্ছেন না বলে অভিযোগ জানিয়েছেন বাড়ির মালিক ও শিক্ষকরা। স্কুলের অর্ধশতাধিক শিক্ষার্থীর শিক্ষাজীবন নিয়ে শঙ্কিত হয়ে পড়েছেন অভিভাবকরা।

সূত্র জানায়, নগরীর দুই নম্বর গেট এলাকায় অবস্থিত কুইন মেরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছিলেন মোহাম্মদ সাজ্জাদ হোসেন (৩৮)। অর্থ সংকটের কথা বলে গত ৬ মাস ধরে বাড়িভাড়া ও শিক্ষকদের বেতন বন্ধ রেখেছেন তিনি। দুই মাস আগে বাড়ির মালিক ভাড়া পরিশোধের একটি নোটিশ দেন। বকেয়া ভাড়া এক সঙ্গে পরিশোধের কথা জানালেও তা পরিশোধ না করে সময় পার করেন অধ্যক্ষ। গত কয়েক সপ্তাহ ধরে অধ্যক্ষকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। তার ব্যবহৃত মোবাইলটিও বন্ধ রয়েছে।

বাড়ির মালিক মিজানুর রহমান বলেন, গত ৬ মাস ভাড়া পরিশোধ করেনি কুইন মেরি স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ। কলেজের শিক্ষক ও দারোয়ানের বেতন পর্যন্তও দেওয়া হয়নি। গত তিন সপ্তাহ ধরে কলেজের অধ্যক্ষ মোহাম্মদ সাজ্জাদ হোসেনের মোবাইল ফোনটিও বন্ধ পাচ্ছি। কক্সবাজারে নারী ঘটিত বিষয়ে তার নামে একটি মামলা হয়েছে বলে শুনেছি। শিক্ষিকা নূরে জান্নাত জিনিয়া বলেন, গত মার্চ মাস থেকে আমরা বেতন পাচ্ছি না। প্রতিষ্ঠানের অর্থ সংকট ছিল বলে মানবিক দিক থেকে আমি সেটা মেনে নিয়েছিলাম। কিন্তু এখন অধ্যক্ষ স্যারকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক সুমন বড়ুয়া জানান, এই নামে কোনো প্রতিষ্ঠান আমাদের কাছ থেকে অনুমোদন নেয়নি। প্রতিষ্ঠনটিতে কোন শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করানো হয়েছিল তাও আমাদের জানা নেই। সন্তানদের ভর্তির আগে কোনো প্রতিষ্ঠানের অনুমোদন আছে কি না তা অভিভাবকদের যাচাই করা প্রয়োজন।

কুইন মেরি স্কুল অ্যান্ড কলেজের এক শিক্ষিকার স্বামী অ্যাডভোকেট মিনার বলেন, স্কুল অ্যান্ড কলেজ হলেও শুধু স্কুল পরিচালনার অনুমতি পেয়েছিল প্রতিষ্ঠানটি। স্কুল পর্যায়ের শিক্ষার্থীরা এতে ভর্তি হয়েছিল।